

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-১ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০১৮.০০.০০.০১৭.২০১৪-৪৪


তারিখ : ০৫ মাঘ ১৪২২  
১৮ জানুয়ারি, ২০১৬

বিষয় : নওগাঁ জেলার পত্নীতলা উপজেলার পাটিচরা ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্বাচনের প্রশাসনিক অনুমোদন প্রদান বিষয়ে তথ্য প্রেরণ।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ এর পত্র নং-১১২২, তারিখ : ২৮.১২.২০১৫খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার পত্নীতলা উপজেলার পাটিচরা ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্বাচনের প্রস্তাবটি নিম্নলিখিত লক্ষ্য স্থানীয় সরকার বিভাগের ১৬.০৯.২০১৩ তারিখের ৪৬.০১৭.০২২.০০.০০.০১১.২০১৩-৬৮৫ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্রের সকল শর্তাদি যথাযথভাবে অনুসরণপূর্বক প্রস্তাব প্রস্তুত করে পরিপত্রের ৩নং ক্রমিকে উল্লিখিত নিম্নোক্ত তথ্যাদি যথাযথভাবে সংযোজন করে সুস্পষ্ট মতামতসহ সং-সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

|    |   |
|----|---|
| ক. | ইউপি সভার সকল সদস্যের স্বাক্ষরিত কার্যবিবরণীর মূল/সত্যায়িত ছায়াছবি(উপজেলা নির্বাহী অফিসার দ্বারা সত্যায়িত হতে হবে);  |
| খ. | জমির দলিল ও ইউনিয়ন পরিষদের অনুকূলে নাম জারির পর্চা, খতিয়ান এর মূল/নকলের কপি;  |
| গ. | প্রস্তাবিত জায়গার অবকাঠামো ও যোগাযোগ ব্যবস্থা চিহ্নিত করে এবং দাগ নম্বর স্পষ্ট করে স্কেচ ম্যাপ(ট্রেসিং পেপারে রঙ্গিন কালি দ্বারা চিহ্নিত করে);   |
| ঘ. | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রস্তাবিত স্থান সরেজমিন পরিদর্শন করে যৌক্তিকতাসহ প্রতিবেদন;  |
| ঙ. | সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রস্তাবিত জমির মৌজা, জে এল নং, খতিয়ান, দাগ এবং জমির পরিমাণ উল্লেখ করে বিস্তারিত তফসিল;   |
| চ. | স্থানটি দানসূত্রে প্রাপ্ত হলে দানপত্র দলিল বা দাতার অংশীকারনামা, দাতার মালিকানা প্রমাণের দলিল ও পর্চার মূল/নকলের কপি;   |
| ছ. | পরিদর্শন প্রতিবেদনে দাগ, খতিয়ান ও জমির পরিমাণ অনুযায়ী প্রস্তাবিত জমির বি.এস এবং হাল খতিয়ানের মূল/নকলের কপি;  |
| জ. | প্রস্তাবিত জমি নতুন জায়গা হলে পরিপত্রের ৩(চ) ক্রমিকে উল্লিখিত নির্দেশনা প্রতিপালন করে প্রস্তাব প্রেরণ; এবং   |
| ঝ. | স্থানীয় সরকার বিভাগের ১৬.০৯.২০১৩ তারিখের ৬৮৫নং স্মারকে জারীকৃত পরিপত্র অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় সকল কাগজাদি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার অথবা সহকারী কমিশনার(ভূমি) কর্তৃক সত্যায়িত করে প্রেরণ। |

  
(শরীফা আহমেদ)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক  
নওগাঁ।

অনুলিপি :

১. কম্পিউটার প্রোগ্রামার,  
স্থানীয় সরকার বিভাগ(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।